# গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ আব্দুল লতিফ প্রধান
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ
তারিখ ও সময় : ১৩/১২/২০২১খ্রিঃ, সকাল : ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা - **হাজিরা রেজিস্টারে লিপিবদ্ধ রয়েছে।**

সভার প্রারম্ভে সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানানো হয়। সভায় সারাদেশ ব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবে উদ্ভূত পরিস্থিতিতে সামাজিক দুরত্ব বজায় রেখে স্বাস্থ্য বিধি মেনে সভা পরিচালনার অনুরোধ জানানো হয়। আলহাজ্ব প্রকৌশলী মোঃ মনোয়ার হোসেন চৌধুরী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৩২ গাইবান্ধা-৪ ও উপদেষ্টা মহোদয় মোবাইল ফোনে সভায় যুক্ত হয়ে দিক নির্দেশনা প্রদান করেন। সভায় পর্যায়ক্রমে স্ব স্ব বিভাগের কার্যক্রম উপস্থাপন, আলোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র/নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | সভায় গত ১৮/১১/২০২১খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বিশেষ সভার কার্যবিবরণী পাঠ করা হয়। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপিত হয়নি। | কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। | |
| ০২ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় গ্রহণকৃত প্রকল্পসমূহের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। আলোচনান্তে প্রকল্পসমূহ যথাযথভাবে সম্পন্নের সিদ্ধান্ত গৃহীত হয়। | **সিদ্ধান্ত :** চলমান প্রকল্প যথাযথভাবে করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |
| ০৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, সরকারি নির্দেশনা মোতাবেক দাপ্তরিক কার্যাদি সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নেই। | **সিদ্ধান্ত :** এধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ০৪ | উপজেলা শিক্ষা অফিসার | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, সরকারি ও বে-সরকারি শিক্ষা প্রতিষ্ঠান সমূহের শিক্ষা কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে কিনা তা নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। এধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | **সিদ্ধান্ত :** এধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার |
| ০৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, গৃহীত প্রকল্পের কার্য সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নেই। এধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | **সিদ্ধান্ত :** এধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৭ | **বিবিধ-০২** রাজস্ব ব্যয় | উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নবর্ণিত ব্যয়ের বিপরীতে বিল পাওয়া গেছে। (বিলের তালিকা নিচে) | **সিদ্ধান্ত :** সর্বসম্মতি ক্রমে ব্যয় অনুমোদিত ও পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | **উপজেলা নির্বাহী অফিসার** |

| ক্র/নং | বিলের বিবরণ | ব্যয় |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের বিভিন্ন ক্যাম্পেসের বৈদ্যুতিক লাইট স্হাপন ব্যয় পরিশোধ | = ২৪,৮০০/- |
| ০২ | উপজেলা পরিষদের বিভিন্ন ড্রেন পরিস্কার কাজের ব্যয় পরিশোধ | = ২৪,২০০/- |
| ০৩ | ননগেজেটেড ডর্মিটরীর পানির লাইন, কমোট ও ফিটিংস সংযোজন ও মেরামত | = ২৫,০০০/- |
| ০৪ | অফিসের ওয়াসরুমের বেসিনের ও পানির লাইন মেরামত ও ব্যাটারী স্থাপন | = ২৩,৯০০/- |
| | **মোট :** | **= ৯৭,৯০০/-** |

**(নীট দেয় : সাতানব্বই হাজার নয়শত টাকা মাত্র)**

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩/১২/২১
(মোঃ আব্দুল লতিফ প্রধান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
www.gobindaganj.gaibandha.gov.bd

স্মারক নম্বর - ০৫.৫৫.৩২৩০.০৭০.১৬.০০১.২১.১০৭৬(৬০)

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
১৩ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৩২ গাইবান্ধা-৪, গোবিন্দগঞ্জ।

০৩। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৫। জেলা প্রশাসক, গাইবান্ধা।

০৬। মেয়র, গোবিন্দগঞ্জ পৌরসভা, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

০৭। মহিলা ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

০৮। উপজেলা............................................ অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

০৯। চেয়ারম্যান, .................................... ইউপি (সকল), গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

(আবু সাঈদ) ১৩/১২/২১
উপজেলা নির্বাহী অফিসার
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।